



পুলিশের দাবি বাস্তবায়নে কাজ করছে সরকার: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

পুলিশ সদস্যদের যৌক্তিক দাবি বাস্তবায়নে সরকার কাজ করছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, আধুনিক ও জনবান্ধব পুলিশ বাহিনী গড়ে তুলতে ধাপে ধাপে বিভিন্ন কল্যাণমূলক উদ্যোগ নেওয়া হচ্ছে।

রোববার রাজধানীর রাজারবাগ পুলিশ মিলনায়তনে ‘পুলিশ সপ্তাহ-২০২৬’ উপলক্ষে আয়োজিত প্রধানমন্ত্রীর বিশেষ কল্যাণ সভায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তারেক রহমান।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, দীর্ঘদিন পদোন্নতি না পাওয়া পুলিশ সদস্যদের জন্য অনারারি পদোন্নতির বিষয়টি বিবেচনায় রয়েছে। সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে কনস্টেবল থেকে এএসআই, এএসআই থেকে এসআই এবং এসআই থেকে ইন্সপেক্টর পদে অনারারি পদোন্নতির পরিকল্পনা করা হচ্ছে।

এ ছাড়া অতিরিক্ত দায়িত্ব পালনকারী সদস্যদের জন্য ওভারটাইম ভাতা চালুর বিষয়েও সরকার কাজ করছে। বিশেষ করে ইন্সপেক্টর থেকে কনস্টেবল পর্যায়ের সদস্যদের এ সুবিধার আওতায় আনার চিন্তাভাবনা চলছে।

তিনি আরও বলেন, পুলিশ সদস্যদের স্বাস্থ্যসেবা উন্নয়নে কেন্দ্রীয় ও বিভাগীয় পুলিশ হাসপাতাল আধুনিকায়নের উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি আবাসন সংকট নিরসন, ভবন নির্মাণ ও কার্যালয় সম্প্রসারণেও সরকার গুরুত্ব দিচ্ছে।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাম্প্রতিক সময়ে পরিস্থিতির উন্নতি হয়েছে এবং সন্ত্রাস, চাঁদাবাজি ও মাদকবিরোধী অভিযান চলমান রয়েছে। একই সঙ্গে সাইবার অপরাধ, অনলাইন জুয়া ও মানি লন্ডারিং ঠেকাতে নতুন আইন প্রণয়নের কাজও এগিয়ে চলছে।